



# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৬  
২ ডিসেম্বর ২০১৯

**বিষয়:** আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন উপলক্ষ্যে সকল বিভাগীয় শহর, জেলা এবং সিটি কর্পোরেশন এলাকাসহ সারাদেশে অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পরামর্শ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হবে। সে লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তর, সংস্থা, সংগঠনের সঙ্গে আলোচনাক্রমে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সরকার ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১ সময়কালকে মুজিববর্ষ ঘোষণা করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং মুজিববর্ষ উদ্‌যাপনের বর্ণাঢ্য সূচনা হিসেবে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হবে। উদ্বোধনী আয়োজনে শত শিশুর কণ্ঠে জাতীয় সংগীত ও শিশু সংগীত, থিম সং, যন্ত্রসংগীত, সাংস্কৃতিক পরিবেশনাসহ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম বিষয়ে আলোচনা ও তাঁর স্মৃতির প্রতি বিনয় শ্রদ্ধা জ্ঞাপনের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। ঢাকায় আয়োজিতব্য উদ্বোধনী অনুষ্ঠানের আলোকে সারা দেশে সকল বিভাগ, জেলা ও সিটি কর্পোরেশনসহ সকল স্তরে স্থানীয়ভাবে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে:

- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে);
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি;
- জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান আয়োজন;
- প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থাকরণ;
- বিভিন্ন বাহিনী, বীর মুক্তিযোদ্ধা, স্কাউটস, গার্লস গাইড, বিএনসিসি ইত্যাদির প্যারেড, প্রদর্শনী ও শিশু-কিশোর সমাবেশের আয়োজন;
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন আয়োজন। যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজন;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান;
- নিজ অধিক্ষেত্রে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান যদি থাকে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন গুরুত্ব দিয়ে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সং এর ব্যবহার;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন;

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	ইদুর নম্বর:
সচিবের দপ্তর	তারিখ:
অতিরিক্ত সচিব (প্রশাসন)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (শিক্ষা)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (স্বাস্থ্য)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (সংস্কৃতি)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (অর্থ)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (আবাসন)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (স্বরাষ্ট্র)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়
অতিরিক্ত সচিব (স্বাক্ষর)	<input type="checkbox"/> সচিবের কার্যালয়

প্রশাসন অধিশাখা
নং: ১৬২০
তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (শিক্ষা)
অতিরিক্ত সচিব (স্বাস্থ্য)
অতিরিক্ত সচিব (সংস্কৃতি)
অতিরিক্ত সচিব (অর্থ)
অতিরিক্ত সচিব (আবাসন)
অতিরিক্ত সচিব (স্বরাষ্ট্র)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	প্রশাসন অনুবিভাগ
তারিখ নং- ১৬২০	তাং- ১৭ অগ্রহায়ণ ১৪২৬
সচিব (প্রশাসন অধিশাখা)	
সচিব (বন)	
সচিব (বাজেট)/কর্তৃপক্ষ অফিসার	

সচিব  
১৭ অগ্রহায়ণ ১৪২৬

